

প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন করতে হবে

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৮:২৫, ১২ আগস্ট ২০২৪



প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা বিধান রঞ্জন রায়

অন্তর্বর্তীকালীন সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা বিধান রঞ্জন রায় বলেন, প্রাথমিক শিক্ষা হচ্ছে যে কোনো একটি দেশের জাতির জন্য একদম ভিত স্বরূপ। কারণ বাচ্চাদের শিক্ষাটা কিন্তু প্রথম জীবনে যা পড়ে, সেটি কিন্তু ব্যক্তিত্বের ভিত গড়ে দেয়। কিন্তু খুব দুঃখজনক হলো আমাদের দেশে বাস্তবে কিন্তু এটা এতটুকু কার্যকারিতা হয় না, যেমনটা করা উচিত, তেমনটা করা হয় না।

UNIBOTS



-0:00

সোমবার (১২ আগস্ট) দায়িত্ব নেয়ার প্রথম দিন সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে সাংবাদিকদের কাছে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন।

নতুন উপদেষ্টা বলেন, এক সময় আমাদের স্বাক্ষরতার হার খুব কম ছিল। একদিক দিয়ে অনেক উন্নতি হয়েছে, আমাদের অবকাঠামোগত অনেক উন্নতি হয়েছে। ফলে স্বাক্ষরতার হার বেড়েছে। আমাদের শিশুরা বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে যাচ্ছে। কিন্তু এই মুহূর্তে আমাদের যেটা প্রয়োজন সেটা হচ্ছে মানের উন্নয়ন করা, প্রাথমিক শিক্ষার মানের উন্নয়ন করা। যেন আমাদের শিশুরা সুনামগরিক হিসেবে গড়ে ওঠে এবং তারা অবদান রাখতে পারে। আমি আজকে এসেছি। সবার সঙ্গে বসব। তারপর আমরা কর্মকৌশল ঠিক করব।

প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলো খোলার সিদ্ধান্ত হয়ে আছে, কিন্তু কার্যকর হচ্ছে না, কবে থেকে কার্যকর হচ্ছে? জানতে চাইলে তিনি বলেন, এই বিষয়ে আমরা কথা বলি, তারপর ঠিক করি। কারণ যেটা হয়েছে সামগ্রিকভাবে এখন একটা অস্থিরতা তৈরি হয়েছে, আর বাচ্চারা খুব ছোট। অস্থিরতা না কমে যদি সমস্যাগুলো থাকে, তাহলে তো মানুষজন বাচ্চাদের স্কুলে পাঠাতে আগ্রহ বোধ করে না। ঘোষণা দিলেই তো হয় না ব্যাপারটা। সেজন্যই এ বিষয়টি ঠিক করে আমরা জানাব।